

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

## (প্রেস বিজ্ঞপ্তি)

১৮ আগস্ট'২০২১খ্রি.

মাতৃদুগ্ধপান থেকে বিরত  
রাখা আধুনিকতা না : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নবজাত সন্তানের জন্য কমপক্ষে ৬ মাস পর্যন্ত মায়ের দুধ পানের কোন বিকল্প নেই। ইদানিংকালে আধুনিকতার আবেগে উপস্থাপন করতে গিয়ে অনেক মা নিজ সন্তানকে মাতৃদুগ্ধপান থেকে বিরত রাখেন, যা অপরাধের শামিল। অথচ জন্মের পরপরই মা যাতে তাঁর সন্তানকে শালদুধ পান করান এ ব্যাপারে বিশেষজ্ঞ চিকিৎসক ও পুষ্টিবিদদের সুস্পষ্ট নির্দেশনা দেয়া আছে। কিন্তু আমাদের অনেক মা এখন এই নির্দেশনা মানতে চান না। তিনি আজ বুধবার (১৮ আগস্ট) সকালে কর্পোরেশনের টাইগারপাশস্থ অস্থায়ী কার্যালয়ের সম্মেলন কক্ষে 'জুম' এ্যাপের মাধ্যমে 'প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প' আয়োজিত বিশ্ব মাতৃদুগ্ধদান সপ্তাহ-২০২১ উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য একথা বলেন। অনুষ্ঠানে ২৪টি ওয়ার্ড হতে প্রকল্পের উপকারভোগী ও সংশ্লিষ্টরা অংশ নেন। সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভীন জেসীর সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম। অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, প্রকল্পের টাউন ম্যানেজার মো.সরোয়ার হোসেন খান, জোহরা বেগম, সোসিও ইকোনোমিস্ট ও নিউট্রিশন এক্সপার্ট মোহাম্মদ হানিফ, টাউন ফেডারেশনের চেয়ারপার্সন কোহিনুর আক্তার।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র রেজাউল করিম আরো বলেন, বৈশ্বিক মহামারিতে বিশ্বের ৬৪ শতাংশ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। এই দুর্যোগময় পরিস্থিতি থেকে আমাদের উত্তোরণের পথ খুঁজে বের করতে হবে। এজন্য ধৈর্যের প্রয়োজন। তিনি বলেন, মায়ের দুধ হলো নবজাতকের প্রধান প্রতিষেধক। সুস্থ সবল শিশুই হলো বাংলাদেশের আগামীর ভবিষ্যত। এজন্য প্রত্যেক মাকে তাঁর সন্তানের ভবিষ্যতের ার্থে নিজের াস্ব্যের প্রতি যতœ ও পুষ্টিকর খাবার খেতে হবে।

### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩